

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 15-05-2024  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Counting-Trainning :**

রাজ্যের লোকসভা নির্বাচনে ভোট গণনার জন্য গণনা কর্মীদের প্রশিক্ষণ গতকাল থেকে শুরু হয়েছে। গতকাল আগরতলার মুক্তধারা অডিটোরিয়ামে ২০০ জন ভোটগণনা কর্মীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। পশ্চিম ত্রিপুরা আসনের ভোট গণনার জন্য মোট ৪০০ জন ভোটকর্মীকে প্রশিক্ষণ দেওয়া হবে। এই আসনের জন্য মোট সাতটি স্থানে ৩০টি গণনা কেন্দ্রে ভোট গণনা করা হবে।

এদিকে, পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের গণনা কর্মীদের নিয়োগ ও প্রশিক্ষণ আগামী সপ্তাহে শুরু হবে। এই লোকসভা আসনের অধীন ৩০টি বিধানসভা আসনের জন্য ৩০টি গণনা কেন্দ্র রয়েছে।

\*\*\*\*\*

**Vice-President :**

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় সবকিছুর উর্ধ্ব জাতীয় স্বার্থকে প্রাধান্য দেবার জন্য দেশবাসীর কাছে আহ্বান জানিয়েছেন। ভগবদ গীতার উপর ড: সুভাষ কাশ্যপের একটি রচনাগ্রন্থের প্রকাশ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে গতকাল তিনি এই আহ্বান জানান। সংসদ ভবনে আয়োজিত এই অনুষ্ঠানে তিনি আরও বলেন, গীতা অধ্যাতিকতা ও ধর্মনিষ্ঠার পথকে আলোকিত করে এবং কর্তবোধে মানুষকে উদ্ভুদ্ধ করে তোলে।

\*\*\*\*\*

**7th Phase Nomination :**

লোকসভা নির্বাচনে সপ্তম তথা শেষ পর্যায়ের মনোনয়নপত্র জমা দেবার গতকাল ছিল শেষ দিন। এই পর্যায়ে ৭টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলে ৫৭টি লোকসভা আসনে নির্বাচন অনুষ্ঠিত হবে। এই পর্যায়ে উত্তর প্রদেশ এবং পাঞ্জাবে ১৩টি, পশ্চিমবঙ্গে ৯টি, বিহারে ৮টি, উড়িষ্যাতে ৬টি, হিমাচল প্রদেশে ৪টি, ঝাড়খণ্ডে ৩টি এবং কেন্দ্রশাসিত চন্ডিগড়ে ১টি আসনে ভোট নেয়া হবে। মননপত্রগুলি স্ক্রুটিনি করা হবে আজ।

\*\*\*\*\*

#### **PM Nomination :**

বরিষ্ঠ বিজেপি নেতা এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল উত্তরপ্রদেশের বারানসী কেন্দ্র থেকে মনোনয়নপত্র জমা দিয়েছেন। এর আগে তিনি কাশীর কোতোয়াল কালভৈরবের মন্দিরে পূজো দেন। মনোনয়নপত্র জমা দেবার সময় শরিক দলের নেতারা-সহ বিজেপি জাতীয় সভাপতি জে পি নাড্ডা এবং দলের বরিষ্ঠ নেতৃবর্গের মধ্যে রাজনাথ সিং, হরদ্বীপ সিং পুরী প্রমুখ প্রধানমন্ত্রীর সঙ্গে ছিলেন।

\*\*\*\*\*

#### **TBSE result:**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল আগামী ২৫ মে-র মধ্যে প্রকাশিত হবে বলে গতকাল জানিয়েছেন পর্ষদের সভাপতি ডক্টর ধনঞ্জয় গন চৌধুরী। মাধ্যমিকে প্রায় ৩৩ হাজার এবং উচ্চমাধ্যমিকে প্রায় ২৩ হাজার ছাত্রছাত্রী এবছর পরীক্ষায় দিয়েছে। উত্তরপত্র দেখার কাজ প্রায় শেষের পথে বলে তিনি জানান।

\*\*\*\*\*

#### **Biplab kumar deb:**

সাংসদ বিপ্লব কুমার দেব এবারের সিবিএসই পরিচালিত মাধ্যমিক পরীক্ষায় উত্তর পূর্বাঞ্চলের সম্ভাব্য প্রথম বিবেকনগরের রামকৃষ্ণ মিশন স্কুলের ছাত্র আদ্রিরাজ সাহার সঙ্গে গতকাল ভারুয়াল পদ্ধতিতে কথা বলেছেন। শ্রী দেব

ভার্চুয়াল পদ্ধতিতে উচ্চ মাধ্যমিকে রাজ্যের সম্ভাব্য প্রথম স্বামী ধনঞ্জয় দাস কাঠিয়া বাবা মিশন স্কুলের ছাত্রী দেবাঙ্গনা দাসের সঙ্গেও কথা বলেন। দুজনেরই তিনি সফলতা ও সমৃদ্ধি কামনা করেছেন।

\*\*\*\*\*

#### **Accident death:**

আগরতলা মোহনপুর সড়কে যান দুর্ঘটনায় গতকাল রাতে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। লেফুঙ্গা থানার পুলিশ জানিয়েছে, নিহত ব্যক্তির নাম অনুপ কুমার পাল। তিনি ১০,৩২৩ ভুক্ত শিক্ষক ছিলেন। ওই এলাকায় যুবতরায় একটি বাইক তাকে ধাক্কা দিলে আহত অবস্থায় তাকে জিবি হাসপাতালে নেওয়ার পরে চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন।

\*\*\*\*\*

#### **Awareness programme:**

নেশার বিরুদ্ধে ছাত্রছাত্রীদের সচেতন করে তুলতে পশ্চিম জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে গতকাল আগরতলার প্রগতি বিদ্যাভবন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে এক শিবিরের আয়োজন করা হয়। এই শিবিরে আলোচনা করেন বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা অন্নেসা দেববর্মা, পশ্চিম জেলার মুক্তি প্রকল্পে বিশেষ ইউনিটের সদস্য মাল্যবান চক্রবর্তী এবং আইনি স্বেচ্ছাসেবক রাজীব কুমার পাল।

\*\*\*\*\*

#### **ECI Complain :**

নির্বাচন কমিশন গতকাল জানিয়েছে, এপর্যন্ত নির্বাচনী বিধিভঙ্গের অভিযোগে দায়ের করা প্রায় ৯০ শতাংশ ঘটনার নিষ্পত্তি হয়ে গেছে। কংগ্রেস ও বিজেপি ছাড়া অন্যান্য রাজনৈতিক দলগুলির তরফ থেকে কোনো বড় ধরনের অভিযোগ আর অবশিষ্ট নেই। কমিশন জানিয়েছে, ৪২৫টি বড় ধরনের অভিযোগ নথিভুক্ত হয়েছিল রাজনৈতিক দল ও প্রার্থীদের পক্ষ থেকে যার মধ্যে ৪০০টি অভিযোগের নিষ্পত্তি হয়েছে।

\*\*\*\*\*

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তারিত আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ, ডব্লিউ, ডব্লিউ ডট, নিউজ অন এআইআর ডট কম এবং নিউজ অন এআইআর অ্যাপ, এবং টুইটার অর্থাৎ এক্স প্ল্যাটফর্মে। আপডেট পেতে দেখুন আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এআইআর নিউজ আগরতলা এবং ইউ টিউবে এআইআর নিউজ আগরতলা।

\*\*\*\*\*

**Inter School Cricket Tournament-Santirbazar :**

শান্তিরবাজার ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত আন্তঃ স্কুল ক্রিকেট টুর্নামেন্টের গতকালের ম্যাচে উত্তর তৈখামা দ্বাদশ স্কুল ২৫৬ রানের বিশাল ব্যবধানে বকাফা আশ্রম ইংলিশ মিডিয়াম দ্বাদশ স্কুলকে পরাজিত করে। বাইখোড়া মাঠে এই খেলা অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*

**Weather :**

আজকের আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু স্থানে হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৬ ডিগ্রির কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.২ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*